গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

# বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

## বান্দরবান।

ফোন : চেয়ারম্যানের অফিস : ০৩৬১-৬২৩৬৭ (অফিস), ০৩৬১-৬২৫৪৩ (বাসা)
মুখ্য নির্বাহী কর্মকর্তার অফিস : ০৩৬১-৬২৪৮৭ (অফিস), ০৩৬১-৬২৫৬৪ (বাসা)
ফ্যাক্স : ০৩৬১-৬২৩৯১, ওয়েব সাইট : www.bhdc.gov.bd. ই-মেইল : bhdcbd@gmail.com

স্মারক নং ঃ ২৯.৩৫.০৩০০.০০৩.১১.১০৬.২১-১২৪৬ তাং ঃ ১০/১০/২০২১ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ক্রীড়া-২ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর স্মারক নং-১২২, তাং-২৯/০৬/২০২১ খ্রিঃ মূলে প্রদত্ত ছাড়পত্র এর প্রেক্ষিতে বান্দরবান পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা ক্রীড়া বিভাগের ৩য় শ্রেণীর নিম্নোক্ত শূন্য পদে লোক নিয়োগের লক্ষ্যে বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে বা স্বহস্তে লিখিত চাকরি আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড নম্বর | পদ সংখ্যা | বয়স | বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড নং-১৬ | ০১টি | ১৮-৩০ বছর | ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত গতি। |

**শর্তাবলী :**

১। বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.bhdc.gov.bd তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায় 'অনলাইন চাকরি আবেদন' অপশনে বা http://www.bhdc.eservicebd.com প্রবেশ করে Online এর মাধ্যমে অথবা স্বহস্তে লিখিত চাকরি আবেদন চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর আগামী ০৪-১১-২০২১ খ্রি: বিকাল ০৫.০০টার মধ্যে আবেদন করতে হবে।

২। অনলাইন আবেদন পূরণের ক্ষেত্রে প্রযোজ্য সকল তথ্য সঠিকভাবে লিপিবদ্ধ ও রেকর্ডপত্র সংযোজন করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩। Online আবেদনের ক্ষেত্রে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel)/5×5 সে.মি এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষর সাইজ ৬০ kb এর মধ্যে হতে হবে।

৪। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী Application ID-সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Application Copy ডাউনলোড অথবা প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

৫। অনলাইনে আবেদনকারীদের পরীক্ষা ফি বাবদ প্রতি আবেদনে প্রদেয় ৩০০ (তিনশত) টাকা অফেরতযোগ্য নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী বিকাশে এর মাধ্যমে আবেদন submit করার ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষ দ্রষ্টব্য : ফি অপশনে গিয়ে Application ID ও Mobile number এবং Transsaction ID বক্স পূরণ করে সাবমিটপূর্বক প্রার্থীর Payment Status অবশ্যই চেক করে নিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। বিকাশের মাধ্যমে টাকা পাঠানোর প্রক্রিয়া :
১ম ধাপ : ডায়াল * ২৪৭#
২য় ধাপ : Payment অপশন বেছে নিন
৩য় ধাপ : বিকাশ মার্চেন্ট একাউন্ট-০১৭১৬-১৬২২৭০
৪র্থ ধাপ : টাকার পরিমাণ
৫ম ধাপ : রেফারেন্স/তথ্য সূত্র হিসেবে আপনার আবেদন নম্বরটি দিন।
৬ষ্ঠ ধাপ : কাউন্টার নম্বর হিসেবে ০ (শূন্য) দিন
৭ম ধাপ : লেনদেন নিশ্চিত করতে PIN নম্বরে প্রবেশ করুন : xxxx (বিকাশ থেকে প্রাপ্ত এসএমএসটি সংরক্ষণ করুন। পরবর্তীতে যে কোন সমস্যা সমাধানের জন্য বিকাশ থেকে প্রাপ্ত Transsaction ID টি প্রয়োজন হবে)।
৮ম ধাপ : ফি পেমেন্ট অপশনে গিয়ে Payment Status চেক করে আবেদনপত্র গৃহীত হয়েছে কিনা নিশ্চিত হতে হবে।

৭। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ সেপ্টেম্বর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৫৪ নং স্মারক মূলে জারিকৃত পরিপত্র মোতাবেক প্রার্থীর বয়স সীমা ২৫/০৩/২০২০ খ্রি: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর।

৮। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে (মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান) সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক বিষয়ে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পৌরসভা চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা কোটা, উপজাতীয় কোটা এবং অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৯। এ নিয়োগ প্রক্রিয়ায় উপজাতীয় ও অ-উপজাতীয় স্থায়ী অধিবাসীদের বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিল সংক্রান্ত প্রচলিত সরকারী সার্কুলার অনুসরণ করা হবে।

১০। সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১১। স্বহস্তে লিখিত আবেদনপত্রে স্পষ্টাক্ষরে- (ক) আবেদনকারীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা, (ঙ) পূর্ণাঙ্গ স্থায়ী ঠিকানা, (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) অভিজ্ঞতা (যদি থাকে), (জ) জন্ম তারিখ, (ঝ) বয়স (২৫/০৩/২০২০ খ্রি: তারিখে) (ঞ) জেন্ডার, (ট) ধর্ম (ঠ) জাতীয়তা (ড) বৈবাহিক অবস্থা ও (ঢ) মোবাইল নম্বর (ণ) জাতীয় পরিচয়পত্র নং (ত) জন্ম নিবন্ধন নং, (থ) ই-মেইল ঠিকানা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

১২। আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলিয়া বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১৩। ভুয়া তথ্য কিংবা সনদপত্র দাখিলকারী এবং ছবি ও সনদ সত্যায়নের ক্ষেত্রে কোন প্রকার জালিয়াতি করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ক্য শৈ হ্লা)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি
৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী নিয়োগ কমিটি
জেলা ক্রীড়া কার্যালয়, বান্দরবান।

PF-531-965/21 (12"x3)